



স্মারক নং-বাটেবি/প্রশাঃ/৭০/২০১১/৩১৪

তারিখ: ১২/০৪/২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা গত ০৯/০৪/২০২০ তারিখের বাটেবি/প্রশাঃ/৭০/২০১১/৩১৩ নং স্মারকের অনুবৃত্তিক্রমে এই বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৪/২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-৭৮ নং প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও অফিস পূর্বের ধারাবাহিকতায় আগামী ২৫/০৪/২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। তবে জরুরী সার্ভিস হিসেবে উপাচার্যের দপ্তর, রেজিস্ট্রার দপ্তর, অর্থ ও হিসাব দপ্তর, অডিট সেল, এস্টেট এন্ড নিরাপত্তা শাখা, ইঞ্জিনিয়ারিং অফিস, হেলথ সেন্টার এবং যানবাহন শাখার কার্যক্রম সীমিত আকারে চালু থাকবে। বিশেষ প্রয়োজনে যে কোন কর্মকর্তা-কর্মচারী দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য যে, বন্ধকালীন সময়ে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের করোনা ভাইরাসের সংক্রামন থেকে সুরক্ষার জন্য স্ব-স্ব বাসস্থানে নিরাপদে অবস্থান করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ

(অধ্যাপক মোঃ মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-বাটেবি/প্রশাঃ/৭০/২০১১/৩১৪

তারিখ: ১২/০৪/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়)-

- ১। সকল ডীন, বাটেবি।
- ২। সকল বিভাগীয় প্রধান, (বিভাগের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে অবগত করানোর অনুরোধসহ), বাটেবি।
- ৩। পরিচালক (সকল), বাটেবি।
- ৪। প্রক্টর, বাটেবি।
- ৫। প্রভোস্ট সকল হল, (হলের কর্মচারীগণকে অবগত করানোর অনুরোধসহ), বাটেবি।
- ৬। সকল দপ্তর প্রধান, (দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবগত করানোর অনুরোধসহ), বাটেবি।
- ৭। সেল/শাখা প্রধান/ল্যাব ইনচার্জ, সকল সেল/শাখা/ল্যাব/ওয়ার্কশপ (সেল/শাখা/ল্যাব/ওয়ার্কশপের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবগত করানোর অনুরোধসহ), বাটেবি।
- ৮। সেকশন অফিসার, ভিসির দপ্তর (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাটেবি।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট এবং ফেসবুক পেইজে আপলোড করার অনুরোধসহ), বাটেবি।
- ১১। হেলথ সেন্টার, বাটেবি।
- ১২। শিক্ষক কমনরুম, বাটেবি।
- ১৩। সকল হলসহ বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড, বাটেবি।
- ১৪। সংশ্লিষ্ট নথি।

স্বাঃ
১২/০৪/২০২০

(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)